FARUQUE HASSAN
PRESIDENT

Bangladesh Garment Manufacturers & Exporters Association
"Made in Bangladesh with Pride"

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/১৪৬ তারিখঃ ১৮/০৭/২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO)-তে তালিকাভুক্তি প্রসঙ্গে।**

সূত্রঃ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেট এর স্মারক নং শুমূঅনি/শুল্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/৭০৯, তারিখ: ১৮/০৪/২০২২। (কপি সংযুক্ত)

**সম্মনিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,**

আসসালামু আলাইকুম।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য উদারীকরণ এবং পণ্য খালাস প্রক্রিয়া দ্রুততর করার লক্ষ্যে উত্তমচর্চাকারী প্রতিষ্ঠানসমূহের পণ্য চালান কায়িক পরীক্ষন ব্যতিরেকে সরাসরি খালাস প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অথোরাইজড ইকনোমিক অপারেটরের সুবিধা চালু করার উদ্যোগ গ্রহন করা হয়েছে।

গত ০৪ জুলাই, ২০২২ তারিখে আমার নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধি দলের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চেয়ারম্যান মহোদয় তৈরি পোশাক রপ্তানিকারকদের'কে অথোরাইজড ইকনোমিক অপারেটরের তালিকাতে অন্তর্ভুক্ত হওয়ার পরামর্শ প্রদান করেন।

তৈরি পোশাক রপ্তানি বাণিজ্যকে সহজীকরণ ও নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে সম্মানিত সদস্যদের'কে অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO)-তে তালিকাভুক্তির জন্য জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদন করে অনুলিপি সদস্য (কাস্টমস নিরীক্ষ, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড এবং কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীন নিরীক্ষা কমিশনারেটে প্রেরনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

Shahinur-customs

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট**
গুলফেশাঁ প্লাজা (৬ষ্ঠ তলা), ৬৯, আউটার সার্কুলার রোড
মগবাজার, ঢাকা-১২১৭
www.customsvaluation.gov.bd

নথি নং- শুমূঅনি/শুল্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/ ৭০৯ তারিখ- ০৮ /০৪/২০২২

# অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO) তালিকাভুক্তির আহ্বান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এস.আর.ও নং-২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮, অনুযায়ী অথোরাইজড ইকনোমিক অপারেটর (AEO) হিসেবে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে তালিকাভূক্তির নিমিত্ত যোগ্য ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিজস্ব প্যাডে আবেদন আহ্বান করা হচ্ছে ঃ

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | জাতীয় রাজস্ব বোর্ড, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। |
| ২. | দপ্তর | কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা। |
| ৩. | AEO নিয়োগ | অথরাইজড ইকনোমিক অপারেটর (স্বীকৃতি প্রদান) বিধিমালা, ২০১৮ (এস. আর. ও. নং ২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস) |
| ৪. | তালিকাভুক্তি অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের যোগ্যতা | **আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা-**<br>(ক) আবেদনের পূর্বে ধারাবাহিকভাবে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর বাংলাদেশে ব্যবসা পরিচালনা করিতে হইবে;<br>(খ) বিদ্যমান কাস্টমস, মূল্য সংযোজন কর ও আয়কর আইনের আওতায় সন্তোষজনক প্রতিপালন সুনাম (Satisfactory compliance record ) থাকিতে হইবে;<br>(গ) আবেদনকারীকে আবেদন দাখিলের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর প্রমাণিত অপরাধমুক্ত থাকিতে হইবে;<br>(ঘ) আবেদনের সময় পর্যন্ত নিরঙ্কুশ রাজস্ব পরিশোধ করিতে হইবে; এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃক নিরঙ্কুশ বকেয়া নেই মর্মে একটি প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।<br>(ঙ) আবেদনের তারিখ হইতে বিগত ৩ (তিন) বৎসর মেয়াদে আবেদনকারীর বিরুদ্ধে শুল্ক, মূসক এবং আয়কর সংক্রান্ত কোন মামলায় (আদালতে বিচারাধীন মামলা ব্যতীত) জরিমানার পরিমাণ মোট পণ্য বা সেবা মূল্যের ১% এর অধিক হইবে না;<br>(চ) আবেদনকারীর অনুমোদিত মুলধনের (Authorized Capital) পরিমাণ অন্যূন ১৫ (পনের) কোটি টাকা এবং পরিশোধিত মূলধনের (Paid-Up Capital) পরিমাণ অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে অথবা বার্ষিক টার্নওভারের পরিমাণ আবেদনের তারিখের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর অব্যাহতভাবে অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে; এবং<br>(ছ) আবেদনকারী আমদানিকারক হইলে আবেদনের তারিখের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর সময়ে গড়ে বাৎসরিক আমদানির পরিমাণ অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে এবং রপ্তানিকারক হইলে একই সময়ের গড় বাৎসারিক রপ্তানির পরিমাণ ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে। |
| ৫. | অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) এর প্রাপ্য সুবিধা | (ক) কাস্টম হাউস বা কাস্টম্স স্টেশনের পরিবর্তে অথরাইজড ইকনোমিক অপারেটরের (AEO) নিজস্ব আঙ্গিনায় (Premise) আমদানিকৃত পণ্য কায়িক পরীক্ষণের (Physical Examination) সুযোগ;<br>(খ) পণ্য সরাসরি খালাস বা, ক্ষেত্রমত, জাহাজীকরণের সুযোগ;<br>(গ) কাস্টমস কর্মকর্তার সমন্বয়ে গঠিত বিশেষ টীমের নিকট হইতে দ্রুত সেবা গ্রহণ;<br>(ঘ) পণ্য চালান বন্দরে আসিবার পূর্বেই বিল অব এন্ট্রি অথবা বিল অব এক্সপোর্ট দাখিলসহ শুল্কায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্নকরণের সুযোগ;<br>(ঙ) প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দলিলাদি উপস্থাপনের মাধ্যমে শুল্কায়ন সম্পন্ন;<br>(চ) কাস্টমস কর্তৃপক্ষের সহিত সকল যোগাযোগ ই-মেইল অথবা অন্যবিধ ইলেক্ট্রনিক মাধ্যমে দ্রুত সম্পন্নের সুযোগ;<br>(ছ) যে কোন কাস্টমস স্টেশনে সহজে প্রবেশ ও কার্যক্রম পরিচালনার জন্য অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) কর্তৃক মনোনীত প্রতিনিধিকে বিশেষ পরিচয়পত্র প্রদান;<br>(জ) স্বল্পতম সময়ে প্রত্যর্পণ প্রদানের ব্যবস্থা;<br>(ঝ) বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) অথবা অন্য কোন মাধ্যমে চলমান মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;<br>(ঞ) অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) এর নাম ও ঠিকানা কাস্টমস ওয়েবসাইটে প্রকাশ। |
| ৬. | আবেদনপত্র ও বিধিমালা প্রাপ্তির স্থান | কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশারেট, ঢাকা'র ওয়েব সাইট www.customsvaluation.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক প্রযোজ্য বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় সংযুক্তিসহ ০২ (দুই) সেট আবেদন পত্র ০২/০৬/২০২২ তারিখের মধ্যে সরাসরি কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা'র নিকট দাখিল করতে হবে। |
| ৭. | বিশেষ নির্দেশিকা | যাচাই-বাছাইকৃত আবেদনকারীদের তালিকা কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা'র ওয়েব সাইটে প্রকাশ করা হইবে। |

**আবেদপত্রের সাথে সংযুক্ত দলিলাদি সমূহ:**

(ক) এই বিধিমালার সহিত সংযুক্ত পরিশিষ্ট অনুযায়ী Self- Assessment Questionnaire (SAQ) এর উত্তর সম্বলিত কপি;

(খ) SAQ তে প্রদত্ত তথ্যের স্বপক্ষে সকল প্রকার দলিলাদির প্রত্যায়িত কপি।

(গ) হালনাগাদ ট্রেডলাইসেন্স, আয়কর সনদ (e-TIN), ) আই আর সি, ই আর সি এবং ভ্যাট নিবন্ধন সনদের ১৩ ডিজিটের (BIN)

(ঘ) আবেদন পত্রে স্বাক্ষরকারী প্রতিনিধি/কর্মকর্তার পাসপোর্ট সাইজের ছবি ০৬ (ছয়) কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর কপি এবং সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষের ৩০০/- টাকার জুডিশিয়াল স্ট্যাম্পে অথরাইজেশন লেটার দাখিল করতে হবে।

(ঙ) কোম্পানীর আর্টিকেল অব মেমোরান্ডাম, জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন ও প্রতিষ্ঠানের লে আউট প্লান ইত্যাদি দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করিতে হইবে।

(চ) কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অসম্পূর্ণ যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।


**(মোহাম্মদ এনামুল হক)**
কমিশনার
ফোন ঃ ০২-৪১০৩২০৬১
Email: cusvaldhk@gmail.com